

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জুলাই ২০২৪খ্রি.

ফল মণ্ডিতে ফ্রি চিকিৎসা ক্যাম্পর উদ্বোধন করেন মেয়র

চট্টগ্রাম ফল ব্যবসায়ী সমিতির উদ্যোগে ও সাজিনাজ হসপিটালের সহযোগিতায় গতকাল শনিবার সকালে স্টেশন রোডস্থ সমিতির কার্যালয়ে ফ্রি চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো: রেজাউল করিম চৌধুরী ও উদ্বোধক ছিলেন সাজিনাজ হসপিটালের চেয়ারম্যান মোহাম্মদ সফিকুল ইসলাম।

ফ্রি চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠানে ফল ব্যবসায়ী সমিতির সভাপতি হাজী আলী হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম ফল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক তোহিদুল আলম, সিনিয়র সহ-সভাপতি আলী আব্বাস খাঁন, সহ-সভাপতি হাজী জালাল হোসেন, অর্থ সম্পাদক আরিফ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক নাছির উদ্দিন মাহমুদ, ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদক আনোয়ার হোসেন, দপ্তর সম্পাদক আবুল কাশেম চৌধুরী, প্রকাশনা সম্পাদক আয়াজ মিয়া, কার্যকরী সদস্য জুনাইদুল হক, ওমর ফারুক, তানবীর সওদাগর ও বিশিষ্ট ব্যবসায়ী আলী হোসেন আরিফ ও সাবেক সভাপতি জাকির হোসেন প্রমূখ।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, মানুষের মৌলিক চাহিদার গুলোর মধ্যে চিকিৎসা সেবাও একটি। অত্র এলকার অসহায় ও দরিদ্র মানুষের চিকিৎসা নিশ্চিত করতে এই ফ্রি চিকিৎসা ক্যাম্প ব্যাপক ভূমিকা রাখবে এবং চিকিৎসা থেকে বঞ্চিত মানুষ উন্নত চিকিৎসা পাবে। তিনি ফল ব্যবসায়ী সমিতির এমন উদ্যোগ কে সাধুবাদ জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮